গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন কমিশন**
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবন
১৫ কলেজ রোড,ঢাকা -১০০০
ফ্যাক্স : ০২৯৫৬০৮৪৩
ই-মেইল :info@lc.gov.bd
ওয়েব :www.lc.gov.bd

# The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 সংশোধনকল্পে আইন কমিশনের সুপারিশ :

## ১.১. ভূমিকা :

বাংলাদেশে বর্তমানে প্রচলিত আইনসমূহের মধ্যে The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 একটি গুরুত্বপূর্ণ আইন। কৃষি প্রধান এই দেশের ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে এটিই মূল আইন। প্রায় চৌষট্টি (৬৪) বছর আগে প্রণীত আইনটির লক্ষ্য ও উদ্দেশ্য ছিল নিম্নরূপ:

> **An Act to provide for the acquisition by the State of the interests of rent-receivers and certain other interests in land in Bangladesh and to define the law relating to tenancies to be held under the State after such acquisition and other matters connected therewith.**

আইনটি কার্যকর হওয়ার পরে দেশের ভূমি ব্যবস্থাপনায় বৈপ্লবিক পরিবর্তন সাধিত হয়। এর দ্বারা জমিদারী ব্যবস্থা বিলুপ্ত হয় এবং কৃষিজীবী জনগণ সরাসরি সরকারের অধীনে স্বাধীন প্রজা বিবেচনায় ভূমিতে নিরঙ্কুশ অধিকার প্রাপ্ত হয়। খাজনা আদায় সংক্রান্ত নতুন ব্যবস্থাপনা প্রতিষ্ঠিত হয়। ফলে কৃষি জমিসহ দেশের সকল ভূ-সম্পত্তির ব্যবহার ও ব্যবস্থাপনা হয়ে উঠে অধিকতর উন্নয়ন বান্ধব। আইনটির মোট ঊনিশটি অধ্যায়ে নিম্নোক্ত বিষয়গুলি অর্ন্তভূক্ত হয়েছে।

1. Special provisions for the acquisition of the interests of certain rent-receivers
2. Special provisions regarding lands held in lieu of service.
3. preparation of record-of-rights
4. Assessment of compensation and acquisition of interests of rent-receivers and of certain other interests
5. Special provisions for preparation of compensation assessment-rolls in respect of properties acquired
6. Authorities for the preparation of compensation assessment-roll
7. Revision of the compensation assessment-roll and the decision of disputes with regard to compensation
8. Payment of compensation
9. Provisions relating to arrears of revenue, rent and cesses
10. Special provisions relating to arrears of rent

11. Provisions relating to indebted rent-receivers
12. Application of this part and class of agricultural tenants
13. Incidents of holdings of raiyats, and transfer, purchase and acquisition of lands
14. Provisions as to assessment, enhancement and reduction of rent
15. Amalgamation, subdivision and consolidation of holdings
16. Provisions as to rent and realisation of rent
17. Maintenance and revision of the record-of-rights
18. Land survey tribunal and land survey appellate tribunal
19. Jurisdiction, appeal, revision and review
20. Special provisions for exemption of rent
21. Special provisions for exemption of land revenue in relation to agricultural land

বর্তমান সুপারিশের বিষয়বস্তু Land Survey Tribunal and Land Survey Appellate Tribunal সংক্রান্ত; যা আইনের ১৪৫ এ ধারা থেকে ১৪৫আই ধারাগুলোর মধ্যে আলোচিত হয়েছে।

## ১.২. সংশোধনের পটভূমি:

কুমিল্লা জেলা আইনজীবী সমিতির বিজ্ঞ সদস্য জনাব তপন বিহারী নাগ, অ্যাডভোকেট বিগত ০৭/০৪/২০১৪ খ্রি. তারিখে একটি পত্র দ্বারা কমিশনের দৃষ্টি আকর্ষণ করেন যে, The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর 145B এর ধারা সংশোধনপূর্বক Land Survey Tribunal এর রায়-ডিক্রি ও আদেশের বিরুদ্ধে আপীল শূনানীর জন্য প্রতিষ্ঠিত Land Survey Appellate Tribunal এর বিচার ক্ষমতা বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতিগণের উপর ন্যস্ত আছে; যা জেলা পর্যায়ের বিচারপ্রার্থীগণের জন্য ব্যয়বহুল ও সময়সাপেক্ষ তথা কষ্টসাধ্য। এই প্রেক্ষাপটে তিনি উক্ত আপীল এখতিয়ার জেলা জজগণের উপর ন্যস্ত করে আইনটি সংশোধনের প্রস্তাব করেন। কমিশনের বিগত মে ২০১৪ এর মাসিক সভায় বিষয়টির গুরুত্ব অনুধাবনে পর্যালোচনার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরবর্তীকালে কমিশনের ময়মনসিংহ ও রাজশাহী জজশীপ পরিদর্শনকালে মতবিনিময়ের সময় স্থানীয় আইনজীবী সমিতি সমূহের কাছ থেকে অনুরূপ অনুরোধ পাওয়া যায়। এমতাবস্থায়, The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর সংশ্লিষ্ট ধারাসমূহ বিশদ পর্যালোচনান্তে কমিশন এই সুপারিশ প্রস্তুত করেছে।

## ১.৩. Land Survey Tribunal এর কার্যাবলী:

The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর 145A ধারায় Land Survey Tribunal এর কার্যাবলী সম্পর্কে বলা হয়েছে যে, সর্বশেষ প্রস্তুতকৃত চুড়ান্ত record-of-rights তথা খতিয়ানের কোন ভুল রের্কডের কারণে ক্ষুব্ধ ব্যক্তি খতিয়ানটি সংশোধনের জন্য আনীত মোকদ্দমা Tribunal কর্তৃক বিচার্য হবে এবং যুগ্ম জেলা জজদের মধ্য থেকে একজন এর বিচারক হবেন।

**১.৪. Land Survey Appellate Tribunal এর কার্যাবলীঃ**

The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর 145B ধারার Sub-section (3) উপ- ধারায় Land Survey Appellate Tribunal এর কার্যাবলী সর্ম্পকে বলা হয়েছে যে, বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতিগণের একজন এই Appellate Tribunal এর বিচারক হবেন। অর্থাৎ আপীল নিস্পত্তির ভার হাইকোর্ট বিভাগের উপর অর্পিত হলো। পাশাপাশি এই Appellate Tribunal এর রায় বা আদেশের বিরুদ্ধে 145C ধারা অনুসারে বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগে আপীল দায়ের করার সুযোগ আছে।

**১.৫.** উপর্যুক্ত Tribunal দুইটির কার্যাবলী পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, যুগ্ম জেলা জজ কর্তৃক মূল বিচারের পরবর্তী প্রতিকারের জন্য বিচারপ্রার্থীগণকে উচ্চ আদালতের স্মরণাপন্ন হতে হচ্ছে; যা বিচার প্রার্থী জনগণের জন্য ব্যয় ও সময় সাপেক্ষ তথা অত্যন্ত কষ্টসাধ্য। এমতাবস্থায় Land Survey Appellate Tribunal এর বিচারিক দায়িত্ব জেলা জজ ও অতিরিক্ত জেলা জজগণের উপর অর্পণ করা হলে বিচারপ্রার্থী জনগণের দুর্ভোগ লাঘব হবে। একই সাথে খতিয়ান সংশোধনের মত নিছক ঘটনাগত বিষয়ের বিরোধ নিস্পত্তির সুযোগ উচ্চ আদালত পর্যন্ত বিস্তৃত করা ন্যায় ও যুক্তিসঙ্গত নয়। সুতরাং 145C ধারা বিলুপ্ত হওয়াই সমীচীন।

**১.৬.** সার্বিক বিবেচনায় কমিশন The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর Section 145B এর Sub-section (3) প্রতিস্থাপন এবং Section 145C বিলুপ্তির সুপারিশ করছে।

আইন কমিশনের উপরোক্ত সুপারিশের আলোকে The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1950), 1950 এর সংশোধন কল্পে নিম্নোক্ত খসড়া সংযুক্ত করা হলোঃ -

**২০১৫ সনের ------ নং আইন**

The State Acquisition and Tenancy (.......... Amendment) Act এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু বর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The State Acquisition and Tenancy Act (Act XXVIII of 1951) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (1) এই আইন The State Acquisition and Tenancy Act (................. Amendment) Act, 2014 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act XXVIII of 1951 এর section 145B এর সংশোধন।- The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVI of 1951), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Section 145B এর Sub-section (3) এর পরিবর্তে নিম্নরুপ Sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

" (3) The Government shall appoint the judge of the Land Survey Appellate Tribunal from among persons who are or have been District Judges to hear the appeal from the judgment, decree or order of the Land Survey Tribunal.

For the purpose of this sub-section the Additional District Judge of the District, where the Land Survey Appellate Tribunal is established, shall be deemed to be the Land Survey Appellate Tribunal and shall hear the appeal from the judgment, decree or order of the Land Survey Tribunal when such appeal is transferred to him by the Land Survey Appellate Tribunal."

৩। Act XXVIII of 1951 এর Section 145C এর বিলুপ্ত ।
- উক্ত Act এর Section 145C বিলুপ্ত হইবে।

স্বাক্ষরিত/= ৩০/১২/২০১৪
প্রফেসর ড. এম. শাহ্‌ আলম
সদস্য

স্বাক্ষরিত/= ৩০/১২/২০১৪
বিচারপতি এ.টি.এম. ফজলে কবীর
সদস্য

স্বাক্ষরিত/= ৩০/১২/২০১৪
বিচারপতি এ.বি.এম. খায়রুল হক
চেয়ারম্যান
আইন কমিশন